FEB. 28 2001

দৈনিক ইনকিলাব

পৃষ্ঠা : ৮ কলাম : ৩

# সরকার মাদ্রাসা শিক্ষা ও আলেম সমাজের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত মাওঃ নিজামী

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ জামায়াতে ইসলামীর আমীর মাওলানা মতিউর রহমান নিজামী বলেছেন, দেশে বর্তমানে ইসলামী শিক্ষা তথা মাদ্রাসা শিক্ষা ও আলেম সমাজের দুঃসময় চলছে। আওয়ামী লীগ সরকার ইসলামী শিক্ষা তথা মাদ্রাসা ও আলেম সমাজের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রে লিপ্ত।

## মাওলানা নিজামী

৮-এর পৃষ্ঠার পর

একদিকে কাল্পনিক অভিযোগ এনে তথ্য সন্ত্রাস চালিয়ে কাওমী মাদ্রাসাগুলোকে বন্ধ করে দেয়া হচ্ছে। অন্যদিকে অনুদান বন্ধ করে আলিয়া মাদ্রাসাগুলোকে বন্ধ করে দেয়া হচ্ছে। আলেম সমাজের ঈমানী পরীক্ষা চলছে। এ অবস্থায় সাহসী ভূমিকা পালন করতে হবে। মাওলানা নিজামী গত মঙ্গলবার সন্ধ্যায় ঢাকা মহানগরীর বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষ ও মোদারেসগণের সাথে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত মতবিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। তামিরুল মিল্লাত মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা জাইনুল আবেদীনের নেতৃত্বে বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষ ও মোদারেসগণ এ সময় তার সাথে সৌজন্য সাক্ষাৎ করে মতবিনিময় করেন।

মাওলানা মতিউর রহমান নিজামী বলেন, দেশের মাদ্রাসাগুলো জনগণের সাহায্য-সহযোগিতায়ই টিকে আছে। অতীতে যখন মাদ্রাসাগুলোতে সরকারী অনুদান দেয়া হতো না তখনও জনগণের সাহায্য ও সহযোগিতায় মাদ্রাসা চালু ছিল। মাদ্রাসা শিক্ষা তথা ইসলামী শিক্ষার বিরুদ্ধে এ যাবত যত ষড়যন্ত্র হয়েছে সবই ব্যর্থ হয়েছে। বর্তমানে যে ষড়যন্ত্র চলছে তাও ব্যর্থ হবে ইনশাআল্লাহ। আল্লাহ ছাড়া আর কাউকে ভয় করা যাবে না। আলেম সমাজ সাহস ও বুদ্ধিমত্তার সাথে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসলে সকল ষড়যন্ত্র ব্যর্থ হতে বাধ্য।